




মধুখালী পৌরসভা কার্যালয়

উপজেলা : মধুখালী, জেলা : ফরিদপুর।

www.Mahukhalipourashava.gov.bd
ফোন : (০৬৩২৬) ৫৬০২০, ফ্যাক্স : (০৬৩২৬) ৫৬০০৭



স্মারক নং-মধুঃ/পৌঃ/২০২২-২০২৩/২৫৪/২

তারিখঃ-২৬/০১/২০২৩ খ্রিঃ।

২৬/০১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিশেষ সভার কার্য- বিবরণী।

২৬/০১/২০২৩ খ্রিঃ তারিখ রোজ : বৃহঃস্পতিবার সকাল- ১০.৩০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মেয়র খন্দকার মোরশেদ রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত বিশেষ সভার কার্য- বিবরণী।

উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ :

- ১। জনাব রেশমা আক্তার
- ২। জনাব নাজমা সুলতানা
- ৩। জনাব রেশমা আক্তার
- ৪। জনাব মোঃ কামরুজ্জামান বাবু
- ৫। জনাব মির্জা আবু জাফর
- ৬। জনাব মির্জা আব্বাস হোসেন
- ৭। জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন
- ৮। জনাব এ.এইচ.এম তৌফিক শরাফী
- ৯। জনাব কবির মন্ডল
- ১০। জনাব মোসাঃ রেহেনা পারভীন
- ১১। জনাব মোঃ মোশারফ হোসেন

সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

আলোচনা

আলোচ্যসূচী-১ঃ বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।

বিগত সভার কার্য- বিবরণী পাঠান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী-২

(সংশ্লিষ্ট অংশ)

নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প হতে Waste Basket And Non Motorized Vehicles এর চাহিদা

প্রেরণ প্রসঙ্গে :

এ বিষয়ে সহকারী প্রকৌশলী পৌরসভা সভাকে অবহিত করেন যে, প্রকল্প পরিচালক, নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর কার্যালয় হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-৪৬.০২.০০০০.৯৬৮.৯৯.০০৬.১৯-১১৬৯, তারিখ-২২/০১/২৩ খ্রিঃ। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক অত্র পৌরসভায় Waste Basket And Non Motorized Vehicles সরবরাহ করবেন।

এ বিষয়ে ০৪নং ওয়ার্ড কাউন্সিলর ও ১ম প্যানেল মেয়র জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন বলেন যে, অত্র মধুখালী পৌরসভার বাজার ০৪নং ওয়ার্ডে অবস্থিত। বাজারের মধ্যে যত্রতত্র ময়লা আবর্জনা ফেলার কারণে দুর্গন্ধ সৃষ্টি হচ্ছে যার কারণে পরিবেশ দূষন হচ্ছে। ময়লা আবর্জনা Waste Basket এ জমা করে ভ্যান দ্বারা অন্যত্র অপসারণ করলে বাজারের পরিবেশ দূর্গন্ধ মুক্ত থাকবে।

অন্যান্য কাউন্সিলরবৃন্দ মধুখালী পৌরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান ও বাজারে Waste Basket সরবরাহ করনের জন্য অভিমত পোষণ করেন।


সিদ্ধান্ত :

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, ১৩ (তের) টি Non Motorized Vehicles ও Waste Basket সরবরাহের নিমিত্তে প্রকল্প প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র প্রকল্প পরিচালক, নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আপ্যায়নের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(খন্দকার মোরশেদ রহমান)

মেয়র

 মধুখালী পৌরসভা
২৬/০১/২৩

তারিখঃ-২৬/০১/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-মধুঃ/পৌরঃ/২০২৩।২৫৪/৩


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

০১। প্রকল্প পরিচালক, নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প


এলজিইডি ভবন, আগারগাঁও

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০২। সংশ্লিষ্ট নথী।


(খন্দকার মোরশেদ রহমান)

মেয়র

 মধুখালী পৌরসভা
২৬/০১/২৩

৩। অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

জনাব

কাউন্সিলর, ওয়ার্ড নং-----

মধুখালী পৌরসভা